৪র্থ বারের মত ম্যানেজিং কমিটির সভাপতি হলেন জিনারুল

একটানা ৪র্থ বার হাটবোয়ালিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচিত হলেন জিনারুল ইসলাম বিশ্বাস। ইতোপূর্বে প্রত্যক্ষ নির্বাচনে বিজয়ী সদস্যদের কণ্ঠ ভোটের মাধ্যমে জিনারুল ইসলাম বিশ্বাস ৪র্থ বারের মত সভাপতি নির্বাচিত হলেন।

জানা গেছে, গতকাল আলমডাঙ্গার হাটবোয়ালিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে পুনরায় একটানা চতুর্থবারের মত কোন প্রতিদ্বন্দি না থাকায় জিনারুল ইসলাম বিশ্বাসকে কন্ঠ ভোটে সভাপতি নির্বাচিত করা হয়।
নবনির্বাচিত সদস্য মো: মজনু হোসেন টাইগার, নজরুল ইসলাম নজু, আশরাফুল ইসলাম, তাজেম আলী, খাদিজা খাতুন এ কন্ঠ ভোট প্রদান করেন। গত ৮মার্চ প্রত্যক্ষ নির্বাচনে নব নির্বাচিত এ ৫ সদস্য তাদের প্রতিদ্বন্দ্বী প্যানেল যত ভোট পেয়েছে তার দ্বিগুনেরবেশি ভোট পেয়েছেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য ভাংবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আসাবুল হক ঠান্ডু, হাটবোয়ালিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইয়াকুব আলি মাস্টার, মুক্তিযোদ্ধা খোসদেল আলম, আব্দুল মালেক, সোয়েব উদ্দীন, ইউনিয়ন আওয়ামী লীগের সেক্রেটারি সাজিবর রহমান, নান্নু বিশ্বাস, মামুন রেজা, আজাদ আলী, বিশ্বাস, সাহিবুল ইসলাম মেম্বার, নতুন কুঁড়ি আইডিয়াল স্কুলের পরিচালক মহাবুল ইসলাম, আসমান হাকিম, আব্দুর রাজ্জাক, আমিরুল মেম্বার, সাবেক সভাপতি আব্দুর রউফ শিলু, শুকুর মন্ডল, মিজানুর রহমান মিন্টু, লালু, সানোয়ার, বল্টু ও আক্তারসহ স্কুলের সকল শিক্ষক ও শিক্ষার্থী।

দুপুরে মধ্যাহ্নভোজের আয়োজন করা হয়। গত ৮ মার্চ সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত একটানা ভোট গ্রহণ করা হয়। ভোট ভোট সংখ্যা ৪’শ ৯১, পোল হয়েছে ৪৮৭ ভোট। সাধারণ অভিভাবক সদস্য পদে ২৪৫ ভোট একটানা ৪র্থ বার হাটবোয়ালিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচিত হলেন জিনারুল ইসলাম বিশ্বাসপেয়ে ১ম হয়েছেন নজরুল ইসলাম, ২২৯ ভোট পেয়ে ২য় হয়েছেন

মজনু হোসেন, ২২২ ভোট পেয়ে ৩য় হয়েছেন আশরাফুল ইসলাম ও একই সংখ্যক ভোট পেয়ে ৪র্থ হয়েছেন তাজেম আলী।

এছাড়া ২২৫ ভোট পেয়ে সংরক্ষিত মহিলা সদস্য নির্বাচিত হয়েছেন খাদিজা খাতুন। বিজয়ী ৫ জনই ঠান্ডু-জিনারুল প্যানেল থেকে নির্বাচন করে বিজয়ী হয়েছেন।

কাউসার আহমেদ বাবলু চেয়ারম্যান প্যানেল থেকে সাধারণ অভিভাবক পদে প্রতিদ্বন্দ্বিতা করে জিয়া, আসলাম হোসেন, হারুন অর রশিদ, শরিফ উদ্দীন ও সংরক্ষিত মহিলা আসনে কুলসুম আরা ব্যাপক ভোটের ব্যবধানে পরাজিত হয়েছেন।

আলমডাঙ্গায় উপজেলা ও পৌরসভা যৌথ পরিস্কার পরিছন্নতা অভিযান

আলমডাঙ্গা উপজেলা হলরুমে মাননীয় প্রধান মন্ত্রীর ভিডিও কনফারেন্সের মাধ্যমে পরিছন্ন গ্রাম, পরিছন্ন শহর দেশ ব্যাপি পরিছন্নতা কার্যক্রমের শুভ উদ্বোধন। সেই উপলক্ষে উপজেলা ও পৌর সভা যৌথ পরিস্কার পরিছন্নতা অভিযান চালিয়েছেন।
আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার লিটন আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পৌর মেয়র হাসান কাদীর গনু, সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিন, কৃষি অফিসার মোহাম্মদ আলী জিন্নাহ, মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত, বিআরডিবি কর্মকর্তা শায়লা সারমিন, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, মৎস কর্মকর্তা আব্দুল মালেক, প্রাণীসম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহিল কাফি প্রমুখ।

পরে উপজেলা নির্বাহী অফিসার ও পৌর মেয়র হাসান কাদির গনুর

নেতৃত্বে দুটি অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারি ওই পরিচ্ছন্নতা অভিযানে অংশ নেন। এ সময় শহরের বিভিন্ন স্থানে আবর্জনা ফেলার ড্রাম স্থাপন করা হয়।

পরিছন্নতা অভিযানে অংশ গ্রহন করেন পৌর মেয়র ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি হাসান কাদির গনু, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী, পরিবার পরিকল্পনা কর্মকর্তা হাসানুজ্জামান খান, প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহিল কাফি, কৃষি অফিসার মোহাম্মদ আলী জিন্না, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, কাউন্সিলর সদর উদ্দিন ভোলা, আলী আজগর সাচ্চু, আলাল আহমেদ, আব্দুল গাফফার, জহুরুল ইসলাম স্বপন, মতিয়ার রহমান ফারুক, মামুন রশিদ হাসানসহ সকল কাউন্সিলর, এসআই আশিকুল ইসলাম।

অনান্যদের মধ্যে অংশ গ্রহন করেন, মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল বারি, শিক্ষা অফিসার শামসুজ্জোহা, পৌর সভার প্রকৌশলী তসলিম উদ্দিন, সচিব রাকিবুল ইসলাম, মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত, যুব উন্নয়ন কর্মকর্তা
আনিসুজ্জামান, বিআরডিবি কর্মকর্তা সায়লা সারমিন, সমাজ সেবা অফিসার আফাজ উদ্দিন, ডা. অমল কুমার বিশ্বাস,

আবাসিক প্রকৌশলী গোলাম নবী, সমবায় অফিসার নাজির হোসেন, উপজেলা প্রকৌশলী আব্দুর রশাদ, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, আওয়ামী লীগ নেতা সিরাজুল ইসলাম, জাহাঙ্গীর আলমসহ উপজেলা প্রশাসনের পৌর সভার সকল কর্মকর্তাও কর্মচারী এবং উপজেলার সকল ইউনিয়নের গ্রাম পুলিশ।

মেহেরপুরে সুজি আটকিয়ে ১ বছরের শিশুর মৃত্যু

চাঁদের মত দেখতে, মা বাবা তাই তার নাম রেখেছিল চাঁদনী(১)।

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের হিজুলী গ্রামের পলাশ বিশ্বাস এর ১ বছরের কন্যা শিশু।

বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে নিজ বাড়ীতে তার মা সুজি খাওয়ানোর সময় চাঁদনির গলাই আটকিয়ে যায়। সাথে সাথে তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসা হলে চিকিৎসক তাকে মৃত্যু ঘোষনা করে।

পরে বেলা ২ টার দিকে নিহত চাদনীকে বাড়ীতে নিয়ে এলে শিশু হারানোর শোকে পুরো মহল্লায় শোকের ছায়া নেমে আসে।

পরে হিজুলী কেন্দ্রীয় কবর স্থানে তাকে দাফন করা হয়।

মেপ্র/এমএফআর

ঝিনাইদহে সিও এনজিও গ্রহক পিটিয়ে ৫০হাজার টাকায় রফাদফা

ঝিনাইদহে এনজিওর কিস্তির টাকা পরিশোধ না করতে পারার কারনে ঝিনাইদহ সদর উপজেলার গান্না ইউনিয়নের পশ্চিম নারায়পুর গ্রামের সামসুলের ছেলে আক্তারুল(২৮) নামে এক ব্যক্তি কে পিটানর অভিযোগ উঠেছে ঝিনাইদহের সিও সংস্থার বিরুদ্ধে।

ঝিনাইদহ সদর থানার অভিযোগের সুত্র থেকে জানা যায় নারায়ন পুর গ্রামের আক্তারুল ইসলাম ২০ হাজার টাকা ঋণ নিয়ে ৫৫০ টাকা করে নিয়মিত কিস্তিতে পরিশোধ করে। তবে গত ২০ দিন যাবত জ্বরে অসুস্থ্য হওয়ার কারনে ২ হাজার টাকা কিস্তি বাকী পড়ে।

এই অবস্থায় গত রবিবার সকাল ১০ টার দিকে সিও এর ঋণ আদায়কারী কর্মী সামছুল ইসলাম কিস্তি নিতে আসলে আক্তারুলের স্ত্রী আদায় কারিকে কাকুতি মিনতি করে বলে যে আমার স্বামী খুব অসুস্থ্য তাই আজ কিস্তি দিতে পারছি না। স্বামী সুস্থ্য হলে অফিসে গিয়ে শেষ ২ হাজার টাকা পরিশোধ করে আসব। কিস্তি না পেয়ে সামছুল ইসলাম ক্ষিপ্ত হয়ে গালাগালি করতে থাকে। ঘটনা কে কেন্দ্র করে কথা কাটা কাটি করে চলে যেয়ে মোবাইলে ডেকে নিয়ে আসে সিও গান্না অফিসে কর্মরত আরো ৫ জন কে। তারা এসে ১২ টার দিকে বেধড় মার পিট করে আক্তারুল ইসলাম কে।

তাদের হাতে মার খেয়ে আরও অসুস্থ্য হয়ে পড়ে আক্তারুল ইসলাম। তখন

তাকে প্রথমে কালীগঞ্জ হাসপাতাল পরে সেখান থেকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়। তবে সর্বশেষ জানা গেছে যে ঘটনাটা অত্র ইউনিয়নের চেয়ারম্যানের মাধ্যমে মিমাংশা হয়েছে। তবে ভুক্ত ভোগী জানায় যে তারা আমাকে বেধম মারপিট করে এই মর্মে আমি থানায় অভিযোগ করেছিলাম পরে চেয়ারম্যান দায়িত্ব নেওয়ার পর আমি চুপচাপ আছি।

এদিকে নাম ও পদবী, এনজিও, প্রকাশে অনিচ্ছুক এনজিও এক মাঠ কর্মীর সাথে সাংবাদিকদের কথা হলে তিনি বলেন আমরা নিরুপাই। আমাদের লোনের কিস্তির টাকা আদায় করতে না পারলে আমাদের বেতন থেকে টাকা কেটে নিয়ে লোনের কিস্তির টাকা শোধ করা হয়। প্রশ্ন করি কোন এনজিও তিনি বলেন সকল এনজিও ই এই কাজটি করে থাকেন। বললে চাকুরী চলে যাবে।

গান্না ইউনিয়নের চেয়ারম্যান নাছির উদ্দিন মালিথার বলেন ঘটনা সত্য। যে কিস্তি আদায় করে সে খুব খারাপ সে মহিলা মানুষ নিয়ে আপত্তিকর কথাও বলেছে। আমাদের এখানকার কলেজের প্রন্সিপাল সিও এনজিওর মালিকের বন্ধু তার সাথে বসে ৫০হাজার টাকায় মিমাংশা হয়েছে।

সিও এর নির্বাহী পরিচালক সামছুল ইসলাম ঘটনা সত্যতা স্বীকার করে বলেন একটু ভুল বোঝা বোঝি হয়েছিল গান্না ইউনিয়নের চেয়ারম্যান ও ক্যাম্পের আইসি বসে তাহা মিমাংশা করে দিয়েছে।

বেতাই ক্যাম্পের আইসি এস আই হাবিব বলেন তদন্ত করে জানাগেছে মারধরের ঘটনা সত্য। চেয়ারম্যান আর সিওর মালিক এক জায়গায় বসাবসি করে টাকার মাধ্যমে মিমাংশা হয়েছে শুনেছি, আমার কাছে এখনো মিমাংশার কাগজ পায়নাই।

মেপ্র/আরপি

মেহেরপুরে করোনা সন্দেহে প্রবাস ফেরত যুবকের ভাইরাসের

আলামত পাওয়া যায়নি।

মেহেরপুর জেনারেল হাসপাতালের সৌদি আরব ফেরত যুবক গত মঙ্গলবার বিকেলে ঠান্ডা জ্বর নিয়ে ভর্তি হয়।

করোনা সন্দেহে তাকে জেনারেল হাসপাতালের আইসুলেশন ওয়ার্ডে চিকিৎসা নেওয়া কথা বলেন কর্ত্ববরত চিকিৎসক। এতে রোগির স্বজনরা ভিত হয়ে মঙ্গলবার রাতেই তাকে রেফার্ড করে ঢাকার উদ্যেশে নিয়ে যায়। সে এক সপ্তাহ আগে সৌদি আরব থেকে বাড়ি ফিরে আসে। মেহেরপুর জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অভিসার ড. মুকলেছুর রহমান জানান যেহেতু ওই যুবক এক সপ্তাহ আগে সৌদি আরব থেকে এসেছে, তাই তার একটা ট্রাভেলিং হিস্টোরি আছে। সেই হিসাবে তাকে আইসুলেশন ওয়ার্ডে চিকিৎসার কথা বলি। স্বজনরা আতঙ্কিত হয়ে ঢাকায় নিয়ে কুর্মিটোলা জেনারেল হাসপাতাল ভর্তি করে।

আজ পরিবারের লোকজনের সাথে জানা যায়, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল পরীক্ষা-নিরীক্ষা শেষে তার করোনা ভারাসের আলামত পাওয়া যায়নি বলে চিকিৎসকরা নিশ্চিত করেন ।

কুষ্টিয়ায় অস্ত্র ও মাদকসহ আটক-১

কুষ্টিয়া শহরের মজমপুর এলাকার মনামী ক্রিষ্টাল প্যালেস থেকে ২ টি বিদেশী পিস্তল, ২ টি ম্যাগজিন, ৫ রাউন্ড গুলি ও ৫৪ পিস পিচ ইয়াবাসহ একজনকে আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কুষ্টিয়া।

জানা যায়, বৃহস্পতিবার সকালে কুষ্টিয়া শহরের মজমপুর মনামী ক্রিষ্টাল প্যালেসে সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাহিদ হাসান খানের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কুষ্টিয়া ও র্যাব এর যৌথ অভিযান চালায়।

এসময় মনামী ক্রিষ্টাল প্যালেসের মালিক আসাদুজ্জামান তোতার ছেলে শাহারিয়া জামান শাওন (২৬) এর ঘর থেকে ২ টি বিদেশী পিস্তল, ২ টি ম্যাগজিন, ৫ রাউন্ড গুলি ও ৫৪ পিস পিচ ইয়াবা উদ্ধার করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কুষ্টিয়া। পরবর্তীতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কুষ্টিয়া আসাদুজ্জামান তোমাকে আটক করে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কুষ্টিয়া এর সহকারী পরিচালক শিরীন আক্তার জানান, আমরা গোপন সংবাদের ভিত্তিতে মজমপুর এলাকায় অভিযান চালিয়ে শাহারিয়া জামান শাওন এর শয়নকক্ষ থেকে ২ টি বিদেশী পিস্তল, ২ টি ম্যাগজিন, ৫ রাউন্ড গুলি ও ৫৪ পিস পিচ ইয়াবা উদ্ধার করি। এসময় শাহারিয়া জামান শাওন এর বাবা আসাদুজ্জামান তোতা কে আটক করা হয় আর অভিযানের পূর্বে শাওন পালিয়ে যায়। এবিষয়ে মাদক ও অস্ত্র আইনে নিয়মিত মামলার প্রস্তুতি চলছে।

কুষ্টিয়া সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাহিদ হাসান খান জানান, আমরা গোপন সংবাদের ভিত্তিতে শহরের পূর্ব মজমপুর মনামী ক্রিষ্টাল প্যালেসে অভিযান চালায়। পরে আসাদুজ্জামান তোতার ছেলে শাহারিয়া জামান শাওন এর রুম তল্লাশি করে তার বিছানার নিচে থাকে ২ টি বিদেশী পিস্তল, ২ টি ম্যাগজিন, ৫ রাউন্ড গুলি ও ৫৪ পিচ ইয়াবাসহ উদ্ধার করি এবং আসাদুজ্জামান তোমাকে আটক করি। এবিষয়ে অস্ত্র ও মাদক আইনে নিয়মিত মামলার প্রস্তুতি চলছে।

সুত্র-যুগান্তর

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় ট্রাক চালক নিহত

কুষ্টিয়ায় দুই ট্রাকের মুখোমুখি সংঘর্ষে একজন নিহত হয়েছেন। বৃহস্পতিবার সকাল সাড়ে ৮টার দিকে সদর উপজেলার কুষ্টিয়া-খুলনা মহাসড়কে লক্ষীপুর এলাকার এ ঘটনায় আহত হয়েছেন আরও দুইজন।

জানা গেছে, সকালে সদর উপজেলার কুষ্টিয়া-খুলনা মহাসড়কে লক্ষীপুর

এলাকায় একটিতে বালি বোঝাই ট্রাক ও আরেকটি ইউরিয়া সার বোঝাই ট্রাকের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনা স্থলেই সুজন নামের এক ট্রাকের ড্রাইভার নিহত হন। এবং অপর ট্রাকের ড্রাইভার ও হেলপার গুরুত্বর আহত হয়েছেন। পরে ফায়ার সার্ভিসের টিম ও পুলিশ হতাহতদের উদ্ধার করে।

আহতদের কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি এবং নিহতের মৃতদেহ ময়নাতদন্তের জন্যে মর্গে পাঠানো হয়েছে। নিহত সুজন চুয়াডাঙ্গা সদর উপজেলার বাসিন্দা।

মেহেরপুর কলেজ মোড়ে গণশৌচাগারের উদ্বোধন

মেহেরপুর পৌরসভার উদ্যোগে মেহেরপুর কলেজ মোড়ে গণশৌচাগার উদ্বোধন করা হয়েছে। মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন বৃহস্পতিবার দুপুরের দিকে গনশৌচাগার উদ্বোধন করেন।

এ সময় আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়র শাহিনুর রহমান, সচিব তৌফিক, ৭ নম্বর ওয়ার্ড কাউন্সিলর নুরুল হাসান রাজিব প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুর কলেজ মোড়ে গণশৌচাগারের উদ্বোধন

মেহেরপুর পৌরসভার উদ্যোগে মেহেরপুর কলেজ মোড়ে গণশৌচাগার উদ্বোধন করা হয়েছে।

মুজিববর্ষে মেহেরপুর পৌরবাসীর সব ধরনের সুযোগ সুবিধা নিশ্চিত

করার লক্ষে গণশৌচাগারটি জনগনের জন্য উন্মুক্ত করা হলো৷

মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন বৃহস্পতিবার দুপুরের দিকে গনশৌচাগার উদ্বোধন করেন।

এ সময় আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়র শাহিনুর রহমান, সচিব তৌফিক, ৭ নম্বর ওয়ার্ড কাউন্সিলর নুরুল হাসান রাজিব প্রমুখ।

দর্শনায় ফেনসিডিলসহ গ্রেপ্তার ২ জনের বিরুদ্ধে মামলা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ০২ বোতল ফেনসিডিল সহ রবিউল নামের একজনকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামী রবিউল(৩২) দর্শনা আজিমপুরের পিতা আইয়ুব আলীর ছেলে।

পুলিশ জানায় গতকাল বুধবার সকাল সাড়ে ৯ টার সময় গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা জেলার মাননীয় পুলিশ সুপার জাহিদুল ইসলাম এর নির্দেশে ওসি মাহবুব এর নেতৃত্বে ও সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা আজিমপুর মাঠপাড়া হতে ০২ বোতল সহ রবিউল (৩২) কে গ্রেফতার করা হয়এবং পলাতক দেখিয়ে একই গ্রামের চা বিক্রেতা দুলাল হোসেনের ছেলে রায়হানের বিরুদ্ধে মামলা। গ্রেফতারকৃত আসামী রবিউলের বিরুদ্ধে মাদক মামলা দায়ের করা হয়েছে।

এদিকে দর্শনা থানার নতুন ওসি মাহবুব রহমানের যোগদানের একমাস না হতেই মাদক ব্যবসায়ী ও সেবনকারীদের ঘুম নষ্ট হয়ে গেছে। একে একে ধরা পড়ছে মাদকের চালান।

এ বিষয়ে ওসি মাহবুব রহমান জানান মাদক অভিযান আরো কঠোর করা হবে এবং দর্শনা থানা মাদকমুক্ত করে ছাড়বো।